

বাংলাদেশ আন্তঃ শিক্ষাবোর্ড সমন্বয় সাব কমিটি  
অফিস : মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

পত্র নং : আশিবো/প্রশা/২০১০/১১

তারিখ : ০৭/০৬/২০২০

বিষয় : ২০২০ সালের এইচএসসি পরীক্ষার বিভ্রান্তিমূলক পরিবর্তিত সময়সূচি প্রকাশ প্রসঙ্গে।

২০২০ সালের উচ্চমাধ্যমিক পরীক্ষার্থী এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে, কে বা কারা উচ্চমাধ্যমিক পরীক্ষার একটি মনগড়া সময়সূচি তৈরী করে সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার করছে যে, আগামী ১৫ জুলাই থেকে উচ্চমাধ্যমিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। যা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টিগোচরে এসেছে।

করোনা ভাইরাসের এ সংকটকালে সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে। ২০২০ সালের উচ্চমাধ্যমিক পরীক্ষা কবে অনুষ্ঠিত হবে সে বিষয়ে এখনো কোন সিদ্ধান্ত হয়নি। পরীক্ষা সংক্রান্ত কোন সিদ্ধান্ত হলে তা বোর্ডের ওয়েবসাইটে জানিয়ে দেয়া হবে।

সামাজিক যোগাযোগ মাধ্যমে এ ধরনের পোস্টে কেউ বিভ্রান্ত না হওয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে।

প্রফেসর এস. এম আমিরুল ইসলাম  
আহবায়ক  
আন্তঃ শিক্ষাবোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক উপকমিটি  
ও  
পরীক্ষা নিয়ন্ত্রক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন : ৯৬৬৯৮১৫, মোবাইল : ০১৫৫০১৭০০১১

সদয় অবগতি ও কার্যার্থে :

- (১) সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- (২) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- (৩) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/দিনাজপুর/ময়মনসিংহ/  
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড/বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
- (৪) একান্ত সচিব, মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- (৫) একান্ত সচিব, মাননীয় উপমন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- (৬) চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- (৭) অফিস কপি